

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৮৪-১ যখন আসমান ফেটে যাবে,
- ০৮৪-২ সে তো তার মানিকের আদেশটুকুই (তখন) পালন করবে এবং এটাই তো তাকে করতে হবে,
- ০৮৪-৩ যখন এ ভূমন্ডলকে সম্প্রসারিত করা হবে,
- ০৮৪-৪ (মূহূর্তের মধ্যেই) সে তার ভেতরে যা আছে তা ফেলে দিয়ে খালি হয়ে যাবে,
- ০৮৪-৫ সেও (তখন) তার সৃষ্টিকর্তার আদেশটুকুই পালন করবে এবং এটাই তো তাকে করতে হবে:
- ০৮৪-৬ হে মানুষ, তুমি (এক) কঠোর পরিশ্রমের মধ্য দিয়ে তোমার সৃষ্টিকর্তার দিকে এগিয়ে যাচ্ছে, অতঃপর তুমি (সত্যি সত্যিই) তাঁর সামনাসামনি হবে,
- ০৮৪-৭ (তোমাদের মধ্যে) যার আমলনামা তার ডান হাতে দেয়া হবে,
- ০৮৪-৮ তার হিসাব একান্ত সহজভাবেই গ্রহণ করা হবে,
- ০৮৪-৯ সে খুশীতে নিজ পরিবার পরিজনকে কাছে ফিরে যাবে:
- ০৮৪-১০ আর যার আমলনামা তার পেছন দিক থেকে দেয়া হবে,
- ০৮৪-১১ সে তখন মৃত্যুকেই ডাকতে থাকবে,
- ০৮৪-১২ আর এভাবেই সে জ্বলন্ত আগুনে প্রবেশ করবে:
- ০৮৪-১৩ (অথচ দুনিয়ায়) সে নিজ পরিবার পরিজনকে মাঝে আনন্দে আত্মহারা ছিলো:

- 0৮৪-১৪ সে ভেবেছিলেন, তাকে কখনো (তার মালিকের কাছে) ফিরতে হবে না,
- 0৮৪-১৫ হ্যাঁ, (আজ) তাই (হলো), তার মালিক (কিন্তু) তার সব কার্যকলাপ (পুংখানুপুংখভাবে) দেখাছিলেন;
- 0৮৪-১৬ শপথ সাহ্য়বালীন রক্তিম আভার,
- 0৮৪-১৭ এবং শপথ রাতের ও এর ভেতর যতো কিছু সমাবেশ ঘটে তার,
- 0৮৪-১৮ এবং শপথ (ওই) চাঁদটির, যখন তা (ধীরে ধীরে) পূর্ণাংগ চাঁদে পরিণত হয়ে যায়,
- 0৮৪-১৯ তোমাদের অবশ্যই (দুনিয়ার) একটি স্তর অতিক্রম করে (মৃত্যুর) আরেকটি স্তরের দিকে এগিয়ে যেতে হবে;
- 0৮৪-২০ এদের হয়েছে কি? এরা কেন (মহান আল্লাহর ওপর) ঈমান আনে না,
- 0৮৪-২১ আর এ কোরআন যখন এদের সামনে পড়া হয়, তখন (কেন মালিকের সামনে) এরা সাজদাবনত হয় না?
- 0৮৪-২২ এ অস্বীকারকারী ব্যক্তিরা একে মিথ্যা প্রতিপন্ন করে,
- 0৮৪-২৩ আর আল্লাহ তাআলা ভালো করেই জানেন এরা (এদের আমলনামায়) কি কি জিনিস জমা করে চলেছে?
- 0৮৪-২৪ (হে নবী,) তাদের সবাইকে তুমি এক যজ্ঞাদায়ক আযাবের সুসংবাদ দাও।
- 0৮৪-২৫ তবে (হ্যাঁ,) যারা (আল্লাহর ওপর) ঈমান এনেছে এবং ভালো কাজ করেছে, তাদের জন্যে আল্লাহ তাআলার অফুরন্ত পুরস্কার রয়েছে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by : *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr